

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪৯/২০১৫

অভিযোগকারী : জনাব মোঃ আব্দুল আলীম
সিনিয়র সাংবাদিক
অপরাধ বিচিত্রা
মর্ডান ম্যানশন
৫৩, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

প্রতিপক্ষ : জনাব মোঃ শাহজাহান
ব্যবস্থাপক (জনসংযোগ)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
তিতাস গ্যাস টি এন্ড ডি কোঃ লিঃ
১০৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার বা/এ, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৮-০৪-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব মোঃ আব্দুল আলীম ১৮-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে ব্যবস্থাপনা-পরিচালক, তিতাস গ্যাস ট্রাঃ এন্ড ডিঃ কোঃ লিঃ, ১০৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা এর বিরুদ্ধে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ না করার কারণে অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি এ বিষয়ে আইনগত প্রতিকার প্রার্থনা করেছেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৩-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারীর জনাব মোঃ আব্দুল আলীম হাজির। প্রতিপক্ষ তিতাস গ্যাস ট্রাঃ এন্ড ডিঃ কোঃ লিঃ এর ব্যবস্থাপনা-পরিচালকের পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব আবুল বাসার টুটুল হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিতাস গ্যাসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ প্রদান না করায় তিনি যথাযথ কর্তৃপক্ষ বরাবর তথ্য প্রাপ্তির আবেদন দাখিল করতে পারছেন না।

০৫। প্রতিপক্ষের পক্ষে বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, ব্যবস্থাপক (জনসংযোগ) জনাব মোঃ শাহজাহান ই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)।

০৬। সঠিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নিয়োগ দিয়ে কমিশনকে অবহিত করা এবং অধিকতর শুনানীর প্রয়োজন রয়েছে মর্মে কমিশন উল্লেখ করেন।

০৭। অধিকতর শুনানীর জন্য ০৮-০৪-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৮। শুনানীতে অভিযোগকারীর জনাব মোঃ আব্দুল আলীম হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ শাহজাহান, ব্যবস্থাপক (জনসংযোগ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তিতাস গ্যাস টি এন্ড ডি কোঃ লিঃ হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি তার প্রার্থিত তথ্য পেয়েছেন। প্রতিপক্ষ ব্যবস্থাপক (জনসংযোগ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তিতাস গ্যাস টি এন্ড ডি কোঃ লিঃ তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন।

(অ: পৃ: দ্র:)

০৯। তিতাস গ্যাস টি এন্ড ডি কোঃ লিঃ এর সকল ইউনিটে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগের ব্যবস্থা করে কমিশনকে অবহিত করার জন্য বলা হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃপক্ষকে তা অবহিত করার নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন এবং অভিযোগকারী তার প্রার্থিত তথ্য সন্তুষ্ট হওয়ায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য করা যায়।

সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারী তার প্রার্থিত তথ্য পেয়েছেন এবং অভিযোগকারী প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো। তবে তিতাস গ্যাস টি এন্ড ডি কোম্পানী লিমিটেড এর অধীনে প্রত্যেক তথ্য প্রদান ইউনিটে একজন করে তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০ ধারা মোতাবেক নিয়োগ করে পরবর্তী ১৫ দিনের মধ্যে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালককে নির্দেশনা দেয়া হলো। অন্যথায় পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার